তারিখ: 23 NOV 2015
পৃষ্ঠা: ১৯ কলাম: ৫

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে নতুন নীতিমালা

■ রাজশাহী ব্যুরো

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নতুন নীতিমালা প্রণয়ন করেছে। নতুন নীতিমালা অনুযায়ী এখন থেকে শিক্ষক হতে হলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে কমপক্ষে ৪ দশমিক ৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ৩ দশমিক ৫০ পয়েন্ট থাকতে হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিনের সভাপতিত্বে শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৬২তম সভায় এ নীতিমালা প্রণয়ন করা হয়। গতকাল রোববার বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান এ তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, কেউ শিক্ষক হতে চাইলে তার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে (এসএসসি-এইচএসসি) জিপিএ ৫.০০-এর মধ্যে কমপক্ষে ৪ দশমিক ৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তরে (অনার্স-মাস্টার্স) সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩ দশমিক ৫০ লাগবে। যদি তা না থাকে, শিক্ষক পদের জন্য আবেদন করতে পারবেন না। তবে কোনো বিভাগে যদি একাধিক শিক্ষার্থী স্নাতক ও স্নাতকোত্তরে (অনার্স ও মাস্টার্স) ৩ দশমিক ৫০ পয়েন্ট পেয়ে থাকেন তাহলে মেধাক্রম অনুযায়ী প্রথম থেকে সপ্তম স্থান পর্যন্ত শিক্ষার্থীরাই কেবল আবেদন করতে পারবেন। যেসব বিভাগে থিসিস আছে সেসব বিভাগের নন-থিসিস শিক্ষার্থীরাও আবেদন করতে পারবেন না। তিনি আরও জানান, আগের নীতিমালা অনুযায়ী এসএসসি-এইচএসসিতে একটি এবং অনার্স-মাস্টার্সের যে কোনো একটি করে মোট দুটিতে প্রথম শ্রেণী থাকলে বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হওয়ার জন্য শিক্ষার্থীরা আবেদন করতে পারতেন। আগামীতে বিশ্ববিদ্যালয়ে মেধাবী শিক্ষার্থীদের শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়ার লক্ষ্যেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই নতুন নীতিমালা প্রণয়ন করেছে।

প্রশাসনের এ উদ্যোগকে যুগান্তকারী সিদ্ধান্ত উল্লেখ করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনন্দ কুমার সাহা বলেন, 'এ সিদ্ধান্তের ফলে বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যেমন দুর্নীতি কমবে, তেমনি বিশ্ববিদ্যালয়ে মেধাবী শিক্ষার্থীরা সুযোগ পাবে।'